# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৫৯১

তারিখ: ১৭/০৮/২০২৫ খ্রি.

বিষয়: এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষার সেটার ও মডারেটর তৈরির লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করবে। প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে- বাংলা ১ম পত্র, গণিত, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম শিক্ষা, খ্রিস্টধর্ম শিক্ষা, বিজ্ঞান, বাংলাদেশের ও বিশ্ব পরিচয়, গার্হস্থ্যবিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, পৌরনীতি ও নাগরিকতা, অর্থনীতি, কৃষি শিক্ষা, ভূগোল ও পরিবেশ, রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত, ফিন্যান্স ও ব্যাংকিং, হিসাববিজ্ঞান এবং ব্যবসায় উদ্যোগ।

প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদন্ডসমূহ বিবেচনা করতে হবে:

১. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ /সিজিপিএ (অগ্রাধিকার পাবে)
২. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;
৩. বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা;
৪. ন্যূনতম ১৫ (পনের) বছর চাকুরি অবশিষ্ট থাকতে হবে;
৫. ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোনয়ন দেয়া যাবে না।

উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে প্রতি বিষয়ের ২ (দুই) জন শিক্ষক নির্বাচন করে নিম্নলিখিত ছক আকারে আগামী ২ কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণার্থীগণের নামের তালিকার হার্ডকপি ও সফটকপি (**NikoshBan** ও **Excel format**) **controller@dhakaeducationboard.gov.bd** মেইল নম্বরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**ছক:**

| ক্রমিক | নাম ও পদবী | বিষয় | প্রতিষ্ঠানের ঠিকানা, মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

বিষয়টি অতীব জরুরি।

১৭/০৮/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান